

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৬৭

১৫/ রক্তপণ (আথ্রা)

পরিচ্ছেদঃ ১৫/২৫.তরবারির আঘাতে মৃত্যুদন্ড কার্যকর করতে হবে

بَاب لَا قَوَدَ إِلَّا بِالسَّيْفِ

### আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُسْتَمِرِّ الْعُرُوقِيُّ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، عَنْ سُفْيَانَ، عَنْ جَابِرٍ، عَنْ أَبِي عَارِّبٍ، عَنْ الله عليه وسلم قَالَ " لاَ قَوَدَ إِلاَّ عَارِب، عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ قَوَدَ إِلاَّ بِالسَّيْفِ".

#### বাংলা

১/২৬৬৭। নু'মান ইবনে বাশীর (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তরবারির আঘাতেই মৃত্যুদন্ড কার্যকর করতে হবে।

## **English**

It was narrated from Nu'man bin Bashir that the Messenger of Allah (ﷺ) said:

"There is no retaliation with the sword."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ৭/২৮৭।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী জাবির সম্পর্কে শু'বাহ ইবনুল হাজ্জাজ বলেন, তিনি হাদিস বর্ণনায় সত্যবাদী। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইয়াহইয়া বিন মাঈন ও আল-জাওযুজানী তাকে মিথ্যুক বলেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৮৭৯, 8/৪৬৫ নং পৃষ্ঠা) ২. আবু আযিব সম্পর্কে আবু জাফার আল-উকায়লী তার হাদিস উল্লেখ করে বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায় না। ইমাম বুখারী তার তারিখুল কাবীর এর



মাঝে উল্লেখ করে বলেন, তার অনুসরণ করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৪৫৯, ২/৫৮৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন